

## কী সেবা , কিভাবে পাবেন :

### উদাহরণ- ১

সেবা নাম : কৃষি প্রশোধনা / পুনর্বাসন কার্যক্রম বাস্তবায়ন :

ধাপ সমূহ : ( কীভাবে পাবেন )

১ম ধাপ : মন্ত্রণালয় / জাতীয় পর্যায়ে থেকে নীতিমালা ও রেজুলেশনসহ জেলা পর্যায়ে বরাদ্দ প্রদান ।

২য় ধাপ : জেলা কৃষি পুনর্বাসন কমিটি কর্তৃক রেজুলেশন সহ উপজেলায় উপ বরাদ্দ প্রদান ।

৩য় ধাপ : উপজেলা কৃষি পুনর্বাসন কমিটি কর্তৃক ইউনিয়ন পর্যায়ে উপ বরাদ্দ প্রদান ।

৪র্থ ধাপ : ইউনিয়ন কৃষি কমিটি কর্তৃক উপযুক্ত কৃষক নির্বাচন ও কৃষকের অগ্রাধিকার তালিকা তৈরি , অনুমোদন ও উপজেলায় প্রেরণ ।

৫ম ধাপ : প্রাপ্ত অগ্রাধিকার তালিকা উপজেলা কৃষিপুনর্বাসন কমিটি কর্তৃক যাচাই ও অনুমোদন ।

৬ষ্ঠ ধাপ : বরাদ্দপ্রাপ্ত উপকরণ ( সার , বীজ ) ক্রয় এবং ইউনিয়ন পর্যায়ে বিতরণ।

৭ম ধাপ : ইউনিয়ন কৃষি কমিটি কর্তৃক সংশ্লিষ্ট কৃষককে কৃষি কার্ড ও ছবিসহ মাস্টাররোলার মাধ্যমে উপকরণ বিতরণ ও তা সংরক্ষণ।

### উদাহরণ — ২

সেবা নাম : বালইনাশক লাইসেন্স প্রদান/ নবায়ন :

ধাপসমূহ :

১ম ধাপ : একজন প্রাপ্ত বয়স্ক উপযুক্ত শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন ব্যক্তি (পুরুষ) উপজেলা কৃষি অফিসে নির্ধারিত ফরমে আবেদন করবেন ( ট্রেড লাইসেন্স, ট্রেজারি চালানসহ )।

২য় ধাপ : এসএপিপিও এবং এইও ( পিপি )/ ইউএও কর্তৃক আবেদনকারীর দোকান, এলাকার চাহিদা ও অন্যান্য যোগ্যতা যাচাই এবং সুপারিশ প্রদান/ বাতিল ও জেলায় প্রেরণ ।

৩য় ধাপ : জেলায় অতিরিক্ত উপ পরিচালক ( পি পি ) প্রাপ্ত আবেদনসমূহ যাচাই বাছাই ও প্রয়োজনে পূণ: তদন্ত পূর্বক সন্তুষ্ট হলে লাইসেন্স ইস্যু বা নবায়ন করে উপজেলায় প্রেরণ করবেন ।

৪র্থ ধাপ : আবেদনকারী উপজেলা থেকে লাইসেন্স সংগ্রহ করবেন এবং এর ফটোকপি দোকানের দৃশ্যমান স্থানে টাঞ্জিয়ে রাখবেন ।

### উদাহরণ — ৩ :

সেবার নাম : প্রকল্প ভিত্তিক প্রদর্শনী স্থাপন :

১ম ধাপ : উপ পরিচালকের কার্যালয় কর্তৃক উপজেলায় প্রদর্শনী / প্রশিক্ষণের বরাদ্দ প্রদান।

২য় ধাপ : উপজেলা কৃষি কর্মকর্তা কর্তৃক এসএএও সভায় প্রাপ্ত বরাদ্দ উপস্থাপন, প্রদর্শনী স্থাপনের উপযোগী জমি ও ক্যাটাগরি ভিত্তিক উপযুক্ত কৃষক নির্বাচন বিষয়ক বিস্তারিত আলোচনা।

৩য় ধাপ : এসএএও কর্তৃক কৃষক দলের সাথে আলোচনা ও কৃষকের অগ্রাধিকার তালিকা তৈরি ও উপজেলা কৃষি অফিসে জমা দান।

৪র্থ ধাপ : ইউএও / এইও কর্তৃক নির্বাচিত জমি ও কৃষকের মতামত যাচাই এবং অনুমোদন/ বাতিল।

৫ম ধাপ : নির্বাচিত কৃষকদের প্রদর্শনীর প্রযুক্তিভিত্তিক প্রশিক্ষণ প্রদান ও উপকরণ বিতরণ।

৬ষ্ঠ ধাপ : কৃষক, এসএএও এবং ইউএও/ এইও এর উপস্থিতিতে প্রদর্শনী স্থাপন ও পরবর্তী কার্যক্রম বাস্তবায়নের দিক নির্দেশনা প্রদান।

৭ম ধাপ : কৃষক, এসএএও এবং এইও কর্তৃক প্রদর্শনী প্লট নিয়মিত পরিদর্শন / মনিটরিং, শর্স কর্তন , মাঠ দিবস , এর প্রভাব ও ফলাফল প্রতিবেদন প্রেরণ ।